## উপজেলা পরিষদ, কয়রা, খুলনার এপ্রিল/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব এস, এম, শফিকুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, কয়রা, খুলনা। |
| তারিখ | ঃ | ২৫/০৪/২০২৩ খ্রি.। |
| সময় | ঃ | সকাল ১১.০০ ঘটিকা। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-"ক"। |

সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর ২১/০৩/২০২৩ খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।

অতঃপর সভায় দপ্তর ভিত্তিক নিম্নরূপ আলোচনা হয় ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃনং | দপ্তরের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা পরিষদ কয়রা, খুলনা। | (ক) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা সভায় জানান যে, বোরো মৌসুমে কৃষদের ফসলের আবাদ বৃদ্ধির লক্ষ্যে ডিপ স্যালো স্থাপনের জন্য মতামত প্রদান করেন। কয়রা উপজেলায় আমাদী, বাগালী ইউনিয়নের অধিকাংশ জনগণ কৃষি নির্ভরশীল হওয়ায় এলাকা কৃষকদের আয় বৃদ্ধিতে উৎসাহিত করার জন্য তিনি ডিপ স্যালো স্থাপনের জন্য প্রস্তাব করেন। | -- | -- |
| ০২. | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কয়রা, খুলনা। | (ক) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় ১৪৩০ বঙ্গাব্দে কয়রা উপজেলায় ১৯ টি হাট-বাজারের মধ্যে ১ম পর্বে ১১ টি হাট-বাজার সর্বোচ্চ দরদাতার অনুকূলে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। কয়রা উপজেলাধীন গিলাবাড়ি হাটটি জনাব আব্দুস সালাম গাজী, পিং- মোঃ জয়নুদ্দিন গাজী, সাং- মদিনাবাদ, ডাকঘর- কয়রা, খুলনা এর দাখিলকৃত ৭০,৫০০/-(সত্তর হাজার পাঁচশত) টাকা সর্বোচ্চ হওয়ায় এবং ২১-০৩-২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত কয়রা উপজেলা পরিষদের মার্চ/২০২৩ মাসের মাসিক সভায় অনুমোদিত হওয়ায় উক্ত সর্বোচ্চ দরদাতার অনুকূলে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত দরদাতা দরপত্রের সাথে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার ব্যাংক ড্রাফট দাখিল করেন। যার নম্বর ৯৫০৫৩৭০, তারিখঃ ২৬/০২/২০২৩ সোনালী ব্যাংক লিঃ, খুলনা কর্পোরেট, খুলনা। বিজ্ঞপ্তির শর্তানুযায়ী ইজারা মূল্য, ভ্যাট, আয়করসহ যাবতীয় ০৭(সাত) কার্যদিবসের মাধ্যে সরকারি পাওনাদি পরিশোধের জন্য অত্র কার্যালয় হতে ২২-০৩-২০২৩ খ্রি. তারিখে ০৫.৪৪.৪৭৫৩.০০১.৩৯.০০১.২৩-২০৬ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। তিনি ইজারামূল্য, ভ্যাট ও আয়কর অদ্যাবধি পরিশোধ করেননি।<br><br>সভায় বিস্তারিত আলোচনান্তে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ২১/০৯/২০১১ খ্রিঃ তারিখে ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ নং স্মারকে জারীকৃত সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা ও ইজারা পদ্ধতি সংক্রান্ত নীতিমালার ৩.৪ অনুচ্ছেদ মোতাবেক নির্দেশনা অনুযায়ী গিলাবাড়ী হাটের বিপরীতে জনাব আব্দুস সালাম গাজী, পিং- মোঃ জয়নুদ্দিন গাজী, সাং- মদিনাবাদ, ডাকঘর- কয়রা, খুলনা কর্তৃক দাখিলকৃত দরপত্র এবং তার অনুকূলে কয়রা উপজেলা পরিষদের মার্চ/২০২৩ মাসের সাধারণ সভায় গৃহীত ইজারা বাতিল করে খাস আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয় এবং দরপত্রের সাথে দাখিলকৃত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার ব্যাংক ড্রাফট বাতিল পূর্বক উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে যা উপজেলা পরিষদের নিজস্ব আয় হিসেবে জমা প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। সভার সকলে এ বিষয়ে একমত পোষণ করেন। | (ক) সভায় এতদ্ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে গিলাবাড়ী হাটের বিপরীতে দরপত্র দাখিলকারী জনাব আব্দুস সালাম গাজী, পিং- মোঃ জয়নুদ্দিন গাজী, সাং- মদিনাবাদ, ডাকঘর- কয়রা, খুলনা কর্তৃক ইজারামূল্য, ভ্যাট ও আয়কর পরিশোধ না করায় এবং তার অনুকূলে কয়রা উপজেলা পরিষদের মার্চ/২০২৩ মাসের সাধারণ সভায় গৃহীত ইজারা বাতিল করে খাস আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয় এবং দরপত্রের সাথে দাখিলকৃত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার ব্যাংক ড্রাফট বাতিল পূর্বক উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে যা উপজেলা পরিষদের নিজস্ব আয় হিসেবে জমা প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা। |
| | | (খ) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় ১৪৩০ বঙ্গাব্দে কয়রা উপজেলায় ০৯ টি খেয়াঘাট/ট্রলারঘাট/লঞ্চঘাট/মৎস্যসেডসমূহের মধ্যে | (খ) সভায় এতদ্ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে জায়গীরমহল ঘুগরাকাটি খেয়াঘাটের | |

<table>
<tr><td></td><td></td><td>১ম পর্বে ০৯ টি খেয়াঘাট/ট্রলারঘাট/লঞ্চঘাট/মৎস্যসেডসমূহের সর্বোচ্চ দরদাতার অনুকূলে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। কয়রা উপজেলাধীন জায়গীরমহল ঘুগরাকাটি খেয়াঘাটের দরপত্র দাখিলকারী জনাব ইউনুস আলী, পিং-মৃত আবুল হোসেন, সাং-০৪ নং কয়রা, ডাকঘর- কয়রা, কয়রা, খুলনা এর দাখিলকৃত ৭২,১০০/-(বাহাত্তর হাজার একশত) টাকা সর্বোচ্চ হওয়ায় এবং ২১-০৩-২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত কয়রা উপজেলা পরিষদের মার্চ/২০২৩ মাসের মাসিক সভায় অনুমোদিত হওয়ায় উক্ত সর্বোচ্চ দরদাতার অনুকূলে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত দরদাতা দরপত্রের সাথে ১৯,৫০০/- (উনিশ হাজার পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট দাখিল করেন। যার নম্বর ০৭৯১১৬২, তারিখঃ ২৮/০২/২০২৩ সোনালী ব্যাংক লিঃ, খুলনা কর্পোরেট, খুলনা। বিজ্ঞপ্তির শর্তানুযায়ী ইজারা মূল্য, ভ্যাট, আয়করসহ যাবতীয় ০৭(সাত) কার্যদিবসের মাধ্যে সরকারি পাওনাদি পরিশোধের জন্য অত্র কার্যালয় হতে ২২-০৩-২০২৩ খ্রি. তারিখে ০৫.৪৪.৪৭৫৩.০০১.৩৯.০০৩.২৩-১৯৫ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। তিনি ইজারামূল্য, ভ্যাট ও আয়কর অদ্যাবধি পরিশোধ করেননি।<br><br>সভায় বিস্তারিত আলোচনান্তে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ১৯-০৪-২০০৩ খ্রি. তারিখের প্রজেই-২/ফ-১/২০০৩/২৬২(৫২৭২) নং স্মারকের "হস্তান্তরিত ফেরীঘাট ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্বৃত্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা-২০০৩" এর ২। ছ(২) ও ২। (৩) অনুচ্ছেদে বর্ণিত শর্ত মোতাবেক এবং এ কার্যালয়ের দরপত্র বিজ্ঞপ্তির ০৫ নং শর্ত মোতাবেক বাজেয়াপ্তসহ তার অনুকূলে প্রদত্ত জায়গীরমহল ঘুগরাকাটি খেয়াঘাটের বাংলা ১৪৩০ সনের ইজারা প্রস্তাব বাতিল করা হয় এবং উক্ত জায়গীরমহল ঘুগরাকাটি খেয়াঘাটের বিপরীতে জনাব ইউনুস আলী, পিং-মৃত আবুল হোসেন, সাং-০৪ নং কয়রা, ডাকঘর- কয়রা, কয়রা, খুলনা এর দাখিলকৃত দরপত্র এবং তার অনুকূলে কয়রা উপজেলা পরিষদের মার্চ/২০২৩ মাসের সাধারণ সভায় গৃহীত ইজারা বাতিল করে খাস আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয় এবং দরপত্রের সাথে দাখিলকৃত ১৯,৫০০/- (উনিশ হাজার পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট বাতিল পূর্বক উপজেলাধীন খেয়াঘাটের সংশ্লিষ্ট ব্যাংক হিসাব সোনালী ব্যাংক লিঃ, কয়রা শাখার চলতি হিসাব নং-২৭১৭০০১০১৪৭৪৮ জমা প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। সভার সকলে এ বিষয়ে একমত পোষণ করেন।</td><td>বিপরীতে দরপত্র দাখিলকারী জনাব ইউনুস আলী, পিং-মৃত আবুল হোসেন, সাং-০৪ নং কয়রা, ডাকঘর- কয়রা, কয়রা, খুলনা কর্তৃক ইজারামূল্য, ভ্যাট ও আয়কর পরিশোধ না করায় এবং তার অনুকূলে কয়রা উপজেলা পরিষদের মার্চ/২০২৩ মাসের সাধারণ সভায় গৃহীত ইজারা বাতিল করে খাস আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয় এবং দরপত্রের সাথে দাখিলকৃত ১৯,৫০০/- টাকার ব্যাংক ড্রাফট বাতিল পূর্বক উপজেলাধীন খেয়াঘাটের সংশ্লিষ্ট ব্যাংক হিসাব সোনালী ব্যাংক লিঃ, কয়রা শাখার চলতি হিসাব নং- ২৭১৭০০১০১৪৭৪৮ জমা প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td></td></tr>
<tr><td>০৩.</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ দপ্তর, কয়রা, খুলনা।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কয়রা, খুলনার প্রতিনিধি সভায় জানান যে, হাসপাতালের পানির সংকট রয়েছে। স্বাস্থ্য কমপ্লেক্সে ভবনের কাজ অতিদ্রুত শুরু করার প্রস্তাব করেন। তিনি আরও জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>০৪.</td><td>উপজেলা কৃষি অফিস, কয়রা, খুলনা।</td><td>উপজেলা কৃষি অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র উপজেলায় সরকারি বরাদ্দ অনুয়াযী কৃষি প্রনোদনা কার্যক্রম চলমান। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>০৫</td><td>উপজেলা প্রাণিসম্পদ অফিস কয়রা, খুলনা।</td><td>উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কয়রা, খুলনা সভায় জানান কয়রা উপজেলায় একটি স্থায়ী পশুর হাট নির্মাণ করার প্রস্তাব করেন। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>০৬.</td><td>সিনিয়র উপজেলা মৎস্য অফিস, কয়রা, খুলনা।</td><td>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কয়রা, খুলনা সভায় মার্চ/২০২৩ মাসের প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।<table><tr><th>ক্রঃ নং</th><th>কার্যক্রমের বিবরণ</th><th>বাস্তবায়ন অগ্রগতি</th><th>মন্তব্য</th></tr><tr><td>০১.</td><td>বাংলাদেশের সামুদ্রিক জলসীমায় ৬৫ দিন মৎস্য আহরণ নিষিদ্ধ</td><td>বাংলাদেশের সামুদ্রিক জলসীমায় ২০ মে হতে ২৩ জুলাই পর্যন্ত মোট ৬৫ দিন সকল প্রকার মৎস্য নৌযান দ্বারা যে কোন প্রকার মৎস্য আহরণ নিষিদ্ধ কার্যক্রম-২০২৩</td><td></td></tr></table></td><td>--</td><td>--</td></tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>
<table>
<tr><td></td><td>কার্যক্রম-২০২৩</td><td>বাস্তবায়ন করা হবে।</td><td></td></tr>
<tr><td>০২.</td><td>চিংড়িতে অপদ্রব্য/দূষণ/পুশ বিরোধী অভিযান</td><td>চিংড়িতে অপদ্রব্য/দূষণ/পুশ বিরোধী নিয়মিত মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করা হচ্ছে।<br>১৫/০৪/২০২৩ খ্রি. পর্যন্ত অর্জন সমূহঃ<br>(ক) অভিযান- ৪০ টি<br>(খ) আটক- ৪১ জন<br>(গ) জরিমানা- ৪,৭৭,৫০০/- টাকা<br>(ঘ) অপদ্রব্য মিশ্রিত/দূষিত/ পুশকৃত চিংড়ি ধ্বংস- ২৩৮৩ কেজি</td><td></td></tr>
<tr><td>০৩.</td><td>"সাসটেইনেবল কোষ্টাল এন্ড মেরিন ফিসারিজ প্রজেক্ট" এর আওতায় চিংড়ী চাষী ক্লাষ্টার এর উন্নয়ন কার্যক্রম</td><td>প্রশিক্ষণ:<br>০৩ দিনের মৌলিক কারিগরি প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে।<br>০৩ ব্যাচ (৭৫জন) কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>ক্লাষ্টার এর অবকাঠামো উন্নয়ন:<br>খড়িয়া চিংড়ি চাষী ক্লাষ্টার, খড়িয়া, মহারাজপুর এর অবকাঠামো উন্নয়নের কার্যক্রম চলমান।</td><td></td></tr>
<tr><td>০৪.</td><td>মৎস্য চাষীর পুকুর/ঘের পরিদর্শন ও পরামর্শ প্রদান</td><td>অব্যাহত আছে।</td><td></td></tr>
<tr><td>০৫.</td><td>অন্যান্য দাপ্তরিক কার্যক্রম</td><td>স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td></td></tr>
</table>
</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>০৭</td>
<td>উপজেলা প্রকৌশল দপ্তর কয়রা, খুলনা।</td>
<td>(ক) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা, সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন তহবিল (এডিপি) আওতায় টেন্ডারকৃত দরপত্রে ৫% নিম্ন দরে সাশ্রয়কৃত অর্থ বাবদ ২,৪৭,৩৪৬/- (দুই লক্ষ সাতচল্লিশ হাজার তিনশত ছেচল্লিশ) টাকা এবং ৪র্থ কিস্তির আংশিক অর্থ বাবদ ১০,৫৯,৯৯১/- (দশ লক্ষ উনষাট হাজার নয়শত একানব্বই) টাকা সর্বমোট (২,৪৭,৩৪৬+১০,৫৯,৯৯১)=১৩,৪৭,৩৩৭/- (তের লক্ষ সাতচল্লিশ হাজার তিনশত সাঁইত্রিশ) টাকা অর্থ হতে গৃহীত প্রকল্পসমূহ সময় সল্পতার কারনে কোটেশন এবং প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে। প্রকল্পসমূহ নিম্নরূপঃ<br>(১) কয়রা সীমান্তের হরিনগরে যাত্রী ছাউনী নির্মাণ। প্রাক্কলিত মূল্য-২,৫৪,০০০/-<br>(২) কয়রা-পাইকগাছা সীমান্তের জননেত্রী শেখ হাসিনা মুর‍্যাল স্থাপন। প্রাক্কলিত মূল্য- ৬,০০,০০০/-<br>(৩) বাগালী ইউনিয়নের লালুয়া বাগালী নুরুল ইসলামের বাড়ী হতে বাশারের বাড়ী অভিমুখে ইটের সোলিং রাস্তা সংস্কার। প্রাক্কলিত মূল্য-২,৯৩,৩৩৭/-<br>(৪) আমাদী ইউনিয়নের আমাদী গ্রামের আঃ গনি সরদারের বাড়ীর মিষ্টি পানির পুকুর হতে সরকারি প্রাথমিক বিদ্যালয় অভিমুখে রাস্তা ইটের সোলিং রাস্তা উন্নয়ন। প্রাক্কলিত মূল্য- ২,০০,০০০/-</td>
<td>(ক) সভার সর্বসম্মতিক্রমে ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন তহবিল (এডিপি) আওতায় সাশ্রয়কৃত ও ৪র্থ কিস্তির আংশিক অর্থ হতে গ্রহণকৃত কোটেশান ও পিআইসির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা।</td>
</tr>
<tr>
<td>০৮</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিস কয়রা, খুলনা।</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার মার্চ/২০২৩ মাসের কাজের অগ্রগতি সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><td>সেবার নাম</td><td>মোট</td></tr>
<tr><td>সক্ষম দম্পত্তি</td><td>৪৩৩১৩ জন</td></tr>
<tr><td>গ্রহণকারী</td><td>৩২৭১৮ জন</td></tr>
<tr><td>সি এ আর</td><td>৭৫.৫৪%</td></tr>
</table>
</td>
<td>--</td>
<td>--</td>
</tr>
</table>

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | স্থায়ী পদ্ধতিঃ | পুরুষঃ ০ জন ও মহিলাঃ ০৭ জন সর্বমোটঃ ০৭ জন। | | |
| | | আই ইউ ডি | নতুন ১৪ জন | | |
| | | ইমপ্ল্যান্ট | নতুন ৭০ জন | | |
| | | ইনজেকটেবলস | ৩৮২৫ জন | | |
| | | খাবার বড়ি | ২০৮৮৪ জন | | |
| | | কনডম | ১৯৯৬ জন | | |
| | | মা ও শিশু স্বাস্থ্য সেবা | | | |
| | | গর্ভবতীর সংখ্যা | ১৭২২ জন | | |
| | | এএনসি | ৩১৮ জন | | |
| | | পিএনসি | ৬২ জন | | |
| | | ডেলিভারি | UH&FWC : ০৮ জন ও সিএসবিএ কর্তৃক: ০০ জন সর্বমোট: ০৮ জন। | | |
| | | জীবিত জন্ম | ০৮ জন | | |
| | | মাতৃমৃত্যু | ০ জন | | |
| | | শিশু মৃত্যু | ০ জন | | |
| | | শিশু স্বাস্থ্য সেবা | | | |
| | | কেন্দ্র | ৬৭২ জন | | |
| | | কেন্দ্রের বাহিরে | ১৩২ জন | | |
| | | সাধারণ রোগী | ৩৩৮৯ জন | | |
| ০৯. | উপজেলা শিক্ষা অফিস, কয়রা, খুলনা। | উপজেলা শিক্ষা অফিসার, কয়রা, খুলনার সভায় জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | | -- | -- |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, কয়রা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কয়রা, খুলনার সভায় জানান যে, অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | | -- | -- |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস কয়রা, খুলনা। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | | -- | -- |
| ১২. | উপজেলা সমাজসেবা অফিস কয়রা, খুলনা। | উপজেলা সমাজসেবা অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র উপজেলায় বয়স্ক, বিধবা ভাতা সহ অন্যান্য সকল ভাতা প্রদানের অনলাইন কার্যক্রম চলমান। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | | -- | -- |
| ১৩. | উপজেলা সমবায় অফিস, কয়রা, খুলনা। | উপজেলা সমবায় অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র উপজেলায় ২১/০৩/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১৫৫ টি। ২০২০-২১ অর্থ বছরে ১,১৪,৩৩০/- টাকা অডিট ফি আদায় করে ট্রেজারি চালনের মাধ্যমে জমা প্রদান করা এবং ২০২১-২০২২ অর্থ বছরে অডিট ফি ধার্য ১৬,৫২০/- টাকা এর মধ্যে ১৬,৫২০/- টাকা অডিট ফি আদায় করে ট্রেজারি চালানের মাধ্যমে জমা করা হয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরে সমবায় সমিতির সদস্যদের প্রশিক্ষণ, সেমিনার ও জাতীয় সমবায় দিবস পালন উপলক্ষে সমিতির নীট লাভের ৩% হারে সমবায় উন্নয়ন তহবিল বাবদ ৪০,৭৫৮/- টাকা আদায় করে জমা প্রদান করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে সমবায় উন্নয়ন তহবিল ধার্য ৪,৯৩৫/- টাকা এর মধ্যে ৪,৯৩৫/- টাকা সমবায় উন্নয়ন তহবিল আদায় করে অনলাইনের মাধ্যমে জমা প্রদান করা হয়েছে। ইতোমধ্যে সমিতির ৪৮০ জন সদস্যকে সমবায় ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br><br>অত্র উপজেলায় ০২ টি আশ্রয়ণ প্রকল্প আছে (১) আমাদী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২) ও (২) বাগালী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ- ০২)। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে আমাদী আশ্রয়ণ প্রকল্পে ১৬,১০,০০০/- টাকা ও বাগালী আশ্রয়ণ প্রকল্পে ৮,০০,০০০/- টাকা ঋণ বরাদ্দ পাওয়া গিয়েছে। আমাদী আশ্রয়ণ প্রকল্পের পূনর্বাসিতদের মধ্যে বিভিন্ন ট্রেডে | | -- | -- |

<table>
<tr><td></td><td></td><td>ঘূর্নায়মান তহবিল হিসেবে ১৯,০১,০০০/- টাকা ঋণ দাদন করা হয়েছে। ঋণের আসল আদায় ১৩,৭০,২০৯/- টাকা এবং সুদ আদায় ১,১৩,২০২/- টাকা। আদায়ের হার ৭২%। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।</td><td></td><td></td></tr>
<tr><td>১৪.</td><td>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, কয়রা, খুলনা।</td><td>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কয়রা, খুলনা সভায় জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৫.</td><td>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর কয়রা, খুলনা।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে, উপজেলাধীন সকল ইউনিয়নে ভিজিডি, মাতৃত্বকালীন সহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৬.</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিস, কয়রা, খুলনা।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা মার্চ/২০২৩ মাসের সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন।
<table>
<tr><th>বিষয়</th><th>চলতি মাস</th><th>চলতি বছর</th><th>ক্রমপুঞ্জিত</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>প্রশিক্ষণ</td><td>৩০</td><td>১২০</td><td>৮৬৪৮ জন</td><td>--</td></tr>
<tr><td>ঋণ বিতরণ (আত্মকর্ম)</td><td>০</td><td>৯,৯০,০০০/-</td><td>১,৯৬,১১,৫০০/-</td><td>--</td></tr>
<tr><td>পরিবার ভিত্তিক ক্ষুদ্রঋণ বিতরণ</td><td>০</td><td>০</td><td>২৯,৬০,০০০/-</td><td>--</td></tr>
<tr><td>যুব উদ্যোক্ত ঋণ বিতরণ</td><td>২০০০০০/-</td><td>২০০০০০/-</td><td>২,০০,০০০/-</td><td>--</td></tr>
<tr><td>ঋণ আদায় হার</td><td>৯১%</td><td>৯২%</td><td>৯৬%</td><td>--</td></tr>
<tr><td>আত্মকর্মীর তথ্য</td><td>৩</td><td>২৫</td><td>৩৪৪৩ জন</td><td>--</td></tr>
<tr><td>যুব সংগঠন নিবন্ধন</td><td>০০</td><td>০১</td><td>১৩ টি</td><td>--</td></tr>
<tr><td>জোরদারকরণ প্রকল্প</td><td>০</td><td>০</td><td>৩,২৫,০০০/-</td><td>--</td></tr>
</table></td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৭.</td><td>বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান বছরে ঋণ বিতরণ, ঋণ আদায় এবং অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৮.</td><td>উপজেলা সামাজিক বন বিভাগ, কয়রা, খুলনা।</td><td>উপজেলা বন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৯.</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা।</td><td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা সভায় জানায় পল্লী সঞ্চয় ব্যাংকের ১৯৩ টি সমিতি, সদস্য ৮৫৮২ জন। আদায়ের হার ৭৫৬%। তিনি আরও জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>২০.</td><td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, কয়রা, খুলনা।</td><td>কার্যক্রম চলমান।</td><td>--</td><td>--</td></tr>
</table>

২১. আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল)

উপজেলা পরিষদের দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানোর জন্য নিম্নবর্নিত ব্যয় বিল পরিষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার মার্চ/২০২৩ মাসের সম্মানী ভাতা। | ৪০,০০০/- |
| ০২. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার মার্চ/২০২৩ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৩. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার মার্চ/২০২৩ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৪. | জনাব এস, এম শফিকুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জুলাই/২০২২ হতে ডিসেম্বর/২০২২ পর্যন্ত ০৬(ছয়) মাসের ভ্রমণ ভাতা বিল। (৭,৯১২+৭,৯১২+৭,২৮৭+৭,৬৬২+৭,২৮৭+ ৭,২৮৭) | ৪৫,৩৪৭/- |

| | | |
|---|---|---|
| ০৫. | জনাব কমলেশ কুমার সানা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জুলাই/২০২২ হতে ডিসেম্বর/২০২২ পর্যন্ত ০৬(ছয়) মাসের ভ্রমণ ভাতা বিল। (৬,৪৭৬/২৫+৬,১৯৭/৫০+৬,৯৯৫+৫,৯৫১/২৫+ ৬,৪৪৩/৭৫+৫,৩৬৮/৭৫) | ৩৭,৪৩২/৫০ |
| ০৬. | জনাব নাসিমা আলম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জুলাই/২০২২ হতে ডিসেম্বর/২০২২ পর্যন্ত ০৬(ছয়) মাসের ভ্রমণ ভাতা বিল। (৬,৪৪৩/৭৫+৬,৪৪৭/৫০+৬,৮৮৫+৫,৮৯৭/৫০+ ৫,১০৬/২৫+৬,৪৬৭/ ৫০) | ৩৭,২৪৭/৫০ |
| ০৭. | উপজেলা পরিষদের মার্চ/২০২৩ মাসের আপ্যায়ন ব্যয় বিল। | ২৯,৯৮৯/- |
| ০৮. | উপজেলা পরিষদের মার্চ/২০২৩ মাসের আনুষংগিক ব্যয় বিল। | ৪,৯৯০/- |
| ০৯. | উপজেলা পরিষদ মালীর মার্চ/২০২৩ মাসের মজুরী বিল। | ১০,০০০/- |
| ১০. | উপজেলা পরিষদ সুইপারের মার্চ/২০২৩ মাসের মজুরী বিল। | ১১,০০০/- |
| ১১. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার খুলনা ঘ-১১-০০০৭ নং জীপ গাড়ীর মার্চ/২০২৩ মাসের জ্বালানী তেলের ব্যয় বিল ভ্যাট ও আয়করসহ মোট বিল। | ২২,৪৬৪/- |
| ১২. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার কার্যালয়ের জুলাই/২০২২ হতে মার্চ/২০২৩ পর্যন্ত ০৯ (নয়) মাসের ইন্টারনেট ব্যয় বিল। | ১০,৮০০/- |

সিদ্ধান্ত ঃ উপর্যুক্ত বিল সমূহের ব্যয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং বিল সমূহের অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫/০৪/২০২৩
এস, এম, শফিকুল ইসলাম
উপজেলা চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
কয়রা, খুলনা।
☎ ০২৪৭৭৭৩১৩১১ (অফিস)

উপজেলা পরিষদ
কয়রা, খুলনা।

স্মারক নংঃ ৪৬.৪৪.৪৭৫৩.০০১.০৬.০০১.২৩-২৫ (৪৫) তারিখঃ ২৫-০৪-২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় সংসদ সদস্য-১০৪, খুলনা-০৬।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
০৫। জেলা প্রশাসক, খুলনা।

অনুলিপি সদয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
০৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
০৮। উপজেলা.................................................অফিসার, কয়রা, খুলনা।
০৯। চেয়ারম্যান...................................ইউপি (সকল), কয়রা, খুলনা।
১০। সংরক্ষিত মহিলা সদস্য................................,কয়রা, খুলনা।

২৫/৪/২৩
মোঃ মমিনুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
☎ ০২৪৭৭৭৩১৩০৬ (অফিস)
E-mail-unokoyra@mopa.gov.bd